দৈনিক সংবাদ

তারিখ ........
পৃষ্ঠা ৩ কলাম ৬

APR 03 20

দু'জন প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি উপেক্ষিত

# আজও জাতীয়করণ হয়নি মোহনগঞ্জ ডিগ্রি কলেজ

নেত্রকোনা থেকে নিজস্ব সংবাদদাতা : দু'জন প্রধানমন্ত্রীর নির্দেশ ও প্রতিশ্রুতি সত্ত্বেও নেত্রকোনা জেলার ভাটি অঞ্চলের গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান মোহনগঞ্জ ডিগ্রি কলেজটি আজো সরকারিকরণ হয়নি। ফলে একদিকে কলেজটি যেমন সমস্যায় জর্জরিত; অন্যদিকে শিক্ষার্থীরাও বঞ্চিত হচ্ছে উচ্চ শিক্ষার ভাল সুযোগ থেকে।

এলাকাবাসী ও সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ১৯৯৫ সালের ৪ঠা এপ্রিল মোহনগঞ্জ উপজেলা সফরকালে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এ কলেজটি সরকারি করার ঘোষণা দেন। এ নিয়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে শুরু করে সংশ্লিষ্ট সরকারি দপ্তরগুলোতে বেশ কয়েকবার চিঠি চালাচালিও হয়; কিন্তু শেষ পর্যন্ত ওই প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়নি।

অন্যদিকে একই বছরের ৪ঠা মে তৎকালীন বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা মোহনগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত এক জনসভায় কলেজটি সরকারি করার প্রতিশ্রুতি দেন। কিন্তু পরবর্তী সময়ে শেখ হাসিনা ক্ষমতায় আসার পরও এ ব্যাপারে কোন উদ্যোগ দেখা যায়নি।

এছাড়া বিভিন্ন সময় অনেক মন্ত্রী-এমপিও ঘোষণা-প্রতিশ্রুতি দিয়েছেন এ ব্যাপারে। কিন্তু অদ্যাবধি কার্যকর হয়নি কারো ঘোষণাই।

অথচ ভাটি বাংলার এই গুরুত্বপূর্ণ কলেজটিকে সরকারি করার জন্য এলাকাবাসীর দাবি দীর্ঘদিনের। নেত্রকোনা ও সুনামগঞ্জ জেলার ভাটি এলাকার অনেক শিক্ষার্থী লেখাপড়া করে এই প্রতিষ্ঠানে। জাতীয়করণের অভাবে কলেজটি বর্তমানে সমস্যায় জর্জরিত। দাবি ও প্রয়োজন সত্ত্বেও অনার্স কোর্স চালু করা যাচ্ছে না এ কলেজে।

৬